

**ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি**  
দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।


**দরপত্র বিজ্ঞপ্তি**

নিম্নের বর্ণনা অনুযায়ী ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির আখাউড়া জোনাল অফিসের পিডিবি হতে অধিগ্রহণকৃত চন্দনসার সৌজার ২৩ শতাংশ জমিতে বালি সরবরাহ করে ভরাট করার জন্য ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় বালি ভরাট কাজে অভিজ্ঞ ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

| দরপত্র নং  | মালামালের বিবরণ                                       | দরপত্র দলিলের মূল্য | দরপত্র জামানতের পরিমাণ | দরপত্র দলিল (টেভার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী  | দরপত্র দাখিলের সময়সূচী ও স্থান   | দরপত্র খোলার সময়সূচী   |
|------------|---|---------------------|------------------------|--|---|---|
| ০১/২০২২-২৩ | সিডিউল অনুযায়ী বালি সরবরাহ করে ৬৯১৫২ ঘনফুট বালি ভরাট | ১০০০/-              | ২৩,০০০/-               | ১৯/০৭/২০২২ খ্রিঃ রোজ মঙ্গলবার পর্যন্ত (অফিস চলাকালীন) ব্রাহ্মণবাড়িয়া পবিস, সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। | ২০/০৭/২০২২ খ্রিঃ রোজ বুধবার ১২.০০ ঘটিকা (BST) ব্রাহ্মণবাড়িয়া পবিস, সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল), বাপবিবোর্ড, ঢাকা। | ২০/০৭/২০২২ খ্রিঃ রোজ বুধবার ১২.৩০ ঘটিকা (BST) ব্রাহ্মণবাড়িয়া পবিস, সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল), বাপবিবোর্ড, ঢাকা। |

**শর্তাবলীঃ**

- ০১। আত্মহী দরদাতাগণ অফিস চলাকালীন নিম্ন ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র দলিল দেখতে পারবেন।
- ০২। আত্মহী দরদাতাগণ ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে বাংলাদেশী যে কোন তফসীলী ব্যাংক হতে দরপত্র দলিলের প্রতিটির মূল্য বাবদ ১০০০/- (এক হাজার) টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ডিডি) সংযুক্ত করতঃ ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার বরাবর নিজস্ব লেটারহেড প্যাডে আবেদনের মাধ্যমে (অফিস চলাকালীন সময়ে) (ক) ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর দক্ষিণ সুহিলপুর (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।
- ০৩। আত্মহী দরদাতাগণ আগামী ২০/০৭/২০২২ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে সীল গালায়ুক্ত খামে দরপত্র সমূহ (ক) ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-এ রক্ষিত টেভার বাক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ০৪। উল্লিখিত টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করতে হবে। দাখিলকৃত দরপত্রসমূহ বণিত সময়সূচী অনুযায়ী ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৫। দরপত্র গ্রহণ/খোলার দিন যদি ছুটি ঘোষিত হয় তবে পরবর্তী অফিস খোলার দিন নির্ধারিত সময়ে দরপত্র গ্রহণ/খোলা হবে।
- ০৬। সিডিউলে বর্ণিত সকল শর্তাবলী পূরণসহ দরপত্রের সহিত চলতি ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর সনদ ও ভ্যাট রেজিস্ট্রেশন (হাল নাগাদ) এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৭। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক নিজ দায়িত্বে, নিজ খরচে বালি সরবরাহ করতে হবে এবং ট্রাক যোগে পরিবহন করে প্রস্তাবিত স্থানে বালি ভরাট করতে হবে এবং সিডিউলে বর্ণনা মোতাবেক মেকানিক্যাল কমপ্লেকশন করতে হবে।
- ০৮। বালি ভরাট কাজ সম্পাদনের পর অত্র সমিতির দায়িত্ব প্রাপ্ত প্রতিনিধি ডিজিএম, আখাউড়া জোনাল অফিস, ডিজিএম (কারিগরী) ও এজিএম (ওএন্ডএম) আখাউড়া জোনাল অফিস কর্তৃক সরেজমিনে পরিদর্শন/পরিমাপ করে প্রতিবেদন দাখিলের পর বিল দাখিল সাপেক্ষে ডিডি/একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।
- ০৯। বিগত ০৩ (তিন) বছরের মধ্যে যে কোন পল্লী বিদ্যুৎ/বাপবিবোর্ড বা অন্য কোন প্রতিষ্ঠানে সফলভাবে ন্যূনতম ২৫ লক্ষ টাকার মাটি/বালি ভরাট কাজের অভিজ্ঞতার সনদ দাখিল করতে হবে। প্রয়োজনে অভিজ্ঞতা সনদ যাচাই করা হবে।
- ১০। “দরপত্রে কোন কাটাছেঁড়া/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে। শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সেই ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১১। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাস্য থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ১২। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/বাতিল করবার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত। উপরের শর্তাবলী ছাড়াও অন্যান্য শর্তাবলী বিস্তারিত ভাবে সিডিউলে বণিত থাকবে।

  
জেনারেল ম্যানেজার  
ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি  
দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া